তারিখ : 05 OCT 2016
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪

যুগান্তর

# সুনামগঞ্জে মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয় হচ্ছে

## একনেকে প্রধানমন্ত্রীর নির্দেশ

**যুগান্তর রিপোর্ট**

সুনামগঞ্জে একটি মেডিকেল কলেজ ও একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেই সঙ্গে দেশের যেখানেই নতুন মেডিকেল কলেজ হবে সেখানেই নার্সিং ইন্সটিটিউট স্থাপনেরও কথা বলেছেন। মঙ্গলবার জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে এ নির্দেশ দেন তিনি। বিষয়টি নিশ্চিত করেছেন পরিকল্পনামন্ত্রী আহম মুস্তফা কামাল।

বৈঠক সূত্র জানায়, একনেকে পটুয়াখালী মেডিকেল কলেজ ও

■ পৃষ্ঠা ৭ : কলাম ১

## সুনামগঞ্জে মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়

(৩য় পৃষ্ঠার পর)-

হাসপাতাল স্থাপন নিয়ে একটি প্রকল্প অনুমোদনের সময় অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এমএ মান্নান সুনামগঞ্জে মেডিকেল কলেজ স্থাপনে প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির কথা মনে করিয়ে দেন। এ সময় প্রধানমন্ত্রী মেডিকেল কলেজের সঙ্গে একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন। এ সময় শেখ হাসিনা বলেন, সুনামগঞ্জের সুনাম রক্ষা করতে হবে। পরিকল্পনামন্ত্রী জানান, প্রধানমন্ত্রী আজিমপুরের সবগুলো পুরনো সরকারি আবাসিক ভবন ভেঙে আধুনিক একটি ভবন তৈরির নির্দেশ দিয়েছেন।